

গমন করেন গত ২৪ মার্চ। ব্যাংককে ২৪ মার্চ অনুষ্ঠিত হয় *কেমপেইন ফর পপুলার ডেমোক্রেসী এডভোকেসী* ওয়ার্কসপ। এতে তিনি প্রশিক্ষক হিসেবে আমন্ত্রণ পান। মনজুর হাসান প্রশিক্ষণার্থীদের কাছে দুর্নীতি রোধে টিআইবি যে কার্যক্রম চালিয়ে যাচ্ছে তা সংক্ষেপে তুলে ধরেন। টিআইবির অনুকরণে সিপিডি (কেমপেইন ফর পপুলার ডেমোক্রেসী) থাইল্যান্ডে একটি পাইলট সার্ভে করার সিদ্ধান্ত নেয়।

টিআইবি ও বিচয়ন আয়োজিত আলোচনা অনুষ্ঠানে বক্তারা

যেখানে শৃঙ্খলা ব্যাহত হয় সেখানে নীতিবোধ থাকে না

দেশের সর্বনিম্ন পর্যায়ে থেকে শুরু করে সর্বোচ্চ পর্যায়ে পর্যন্ত বিশৃঙ্খলা বিরাজ করছে। সামাজিক নীতি না মেনে চললে আমরা শৃঙ্খলা ফিরে পেতে পারি না। গত ২১ জানুয়ারী নীলক্ষেত পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী মিলনায়তনে “সামাজিক শৃঙ্খলা ও নীতিবোধ” বিষয়ক এক মুক্ত আলোচনা অনুষ্ঠানে বিশিষ্ট অর্থনীতিবিদ ও টিআইবি ট্রাস্টি বোর্ডের সদস্য প্রফেসর মোজাফফর আহমদ একথা বলেন। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশন্যাল বাংলাদেশ এবং ত্রৈমাসিক বিচয়ন যৌথভাবে এ মুক্ত আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। সাবেক সচিব ও বিচয়ন এর প্রধান সম্পাদক মনজুর-উল-করীম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ মুক্ত আলোচনায় পাবলিক সার্ভিস কমিশনের সদস্য ড. মোঃ মোহম্মত খান, অর্থনীতিবিদ আনু মুহম্মদ, ড. কে এম মোহসীন, সাবেক সচিব মোহাম্মদ ইউসুফ, অধ্যাপক এম আমিনুর রহমান প্রমুখ আলোচনায় অংশ নেন।

টিআইবি'র নতুন চেয়ারম্যান হিসেবে ড. খান সারওয়ার মুরশিদ এর দায়িত্ব গ্রহণ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর নতুন চেয়ারম্যান হিসেবে ড. খান সারওয়ার মুরশিদ দায়িত্ব গ্রহণ করেছেন। গত ২২ জানুয়ারী টিআইবি'র ৮ সদস্যের ট্রাস্টি বোর্ডের বার্ষিক সাধারণ সভায় তিনি সর্বসম্মতিক্রমে আগামী তিন বছরের জন্য চেয়ারম্যান নির্বাচিত হন। এ দায়িত্ব গ্রহণের আগে তিনি ট্রাস্টি বোর্ডের সদস্য হিসেবে দায়িত্ব পালন করছিলেন।



ড. খান সারওয়ার মুরশিদ ঢাকা, নটিংহাম ও হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা এবং উচ্চতর ডিগ্রী লাভ করেন। কর্মজীবনে ড. মুরশিদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের চেয়ারম্যান, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, হাঙ্গেরী ও পোল্যান্ডে বাংলাদেশের রাষ্ট্রদূত এবং কমনওয়েলথের এসিস্ট্যান্ট সেক্রেটারী জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি বাংলাদেশ নাগরিক কমিটির অন্যতম প্রতিষ্ঠাতা এবং বাংলা একাডেমীর অনানারী ফেলো। একজন সমালোচক ও প্রাবন্ধিক হিসেবেও তিনি সুপরিচিত।

ড. মুরশিদ সৈয়দ হুমায়ুন কবিরের স্থলাভিষিক্ত হলেন। সেক্রেটারী জেনারেল এডভোকেট তৌফিক নেওয়াজ ও ট্রেজারার কাজী আমিনুল হক স্বপদে পুনর্নির্বাচিত হয়েছেন, ট্রাস্টি বোর্ডের অন্যান্য সদস্যগণ হলেন- সৈয়দ হুমায়ুন কবির, প্রফেসর মোজাফফর আহমদ, স্যামসন এইচ চৌধুরী, মাহফুজ আনাম ও রুবী গজনবী।

বক্তারা সামাজিক শৃঙ্খলা ও নীতিবোধ প্রতিষ্ঠায় দেশপ্রেমিক সকল নাগরিককে এগিয়ে আসার আহবান জানান। অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে শ্রোতাদের কাছ থেকে প্রশ্ন আহবান করা হয়। বেশ কয়েকজন শ্রোতা কিভাবে সামাজিক শৃঙ্খলা ও নীতিবোধ প্রতিষ্ঠা করা যায় সে সম্পর্কে জানতে চান। বিজ্ঞ আলোচকরা এ ব্যাপারে তাদের বক্তব্য তুলে ধরেন। অনুষ্ঠানে মডারেটরের দায়িত্ব পালন করেন টিআইবি'র নির্বাহী পরিচালক মনজুর হাসান ও বিচয়ন সম্পাদক হাবিবুল্লাহ এন করিম।

কাজী তারিক-উল আলমের বিদায় সংবর্ধনা

টিআইবি'র প্রশাসনিক ব্যবস্থাপক কাজী তারিক-উল-আলমের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয় গত ২৭ মার্চ। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে নির্বাহী পরিচালক মনজুর হাসান সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে স্মৃতিচারণ ছাড়াও ছিল একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। কাজী তারিক-উল-আলম টিআইবি থেকে স্বেচ্ছায় অব্যাহতি নিয়ে উচ্চতর চাকরী নিয়ে বিদেশের উদ্দেশ্যে বাংলাদেশ ত্যাগ করেন ২১ মার্চ। ১৯৯৭ সালের ফেব্রুয়ারীতে প্রশাসনিক ব্যবস্থাপক হিসেবে তিনি টিআইবিতে যোগ দেন। অত্যন্ত দক্ষতার সাথে তিনি অর্পিত দায়িত্ব পালন করেন।

ভারতে প্রশিক্ষণ কার্যক্রম

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশন্যাল বাংলাদেশ এবং পাবলিক এফেয়ার্স সেন্টার বাঙ্গালোর রিপোর্ট কার্ড মেথডলজি বিষয়ে যৌথভাবে এক প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করে। ১৫ থেকে ১৯ জানুয়ারী পর্যন্ত পাঁচ দিন ব্যাপী এই প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত হয় ভারতের বাঙ্গালোরে। জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার ১৪ জন প্রশিক্ষণার্থী এতে অংশগ্রহণ করেন। টি আইবি থেকে অংশগ্রহণ করেন রিসার্চ অফিসার সাইদুর রহমান মোল্লা। পাবলিক এফেয়ার্স সেন্টার-এর উর্ধ্বতন কর্মকর্তারা এতে প্রশিক্ষক ছিলেন। এ্যাকশন এইড বাংলাদেশ প্রশিক্ষণ কার্যক্রমে সার্বিক সহায়তা প্রদান করে।

